57

তারিখ 08 SEP 1992
পৃষ্ঠা ২ কলাম ৮

দৈনিক ইনকিলাব

# বিশ্ববিদ্যালয় পরিস্থিতি স্বাভাবিক

*॥ স্টাফ রিপোর্টার ॥*

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি অনেকটা স্বাভাবিক হয়ে এসেছে। গত শুক্রবার সশস্ত্র সংঘর্ষ ও দুটি হত্যাকাণ্ডের ঘটনার প্রেক্ষিতে দু'দিনের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয়েছিল। গতকাল বিশ্ববিদ্যালয় খুলেছে। যথারীতি মাস্টার্স ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ছাত্র-ছাত্রীদের পদচারণায় ক্যাম্পাস

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

প্রথম পৃষ্ঠার পর

মুখরিত হয়ে উঠে। অন্যদিকে বিডিআর ও পুলিশী টহল তৃতীয় দিনের মত জোরদার ছিল।

জাতীয়তাবাদী ছাত্র দলের কেন্দ্রীয় কমিটি বাতিল ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র দলের কার্যক্রম স্থগিত করার ঘোষণা দেয়ার পর গতকাল বেশ প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। বিশ্ববিদ্যালয়ে গতকাল ছাত্র দলের প্রথম ও দ্বিতীয় সারির কোন নেতাকে সারাদিনে একটিবারের জন্য দেখা যায়নি। ছাত্র দলের সাধারণ কর্মী ও সমর্থকদের অনেকেই উক্ত ঘোষণায় স্বস্তির নিঃশ্বাস ফেলে।

একটি সূত্র জানায়, ছাত্র দলের এমন সব নেতা রয়েছেন যারা শিক্ষা জীবন সমাপ্ত করেছেন। তাদের মধ্যে বিএনপি চেয়ারপারসনের ঘোষণায় হতাশা দেখা দিয়েছে। ছাত্র না হয়েও নেতৃত্ব বহাল রাখার সুযোগ হাতছাড়া হয়ে গেছে।

অন্যদিকে যারা নিয়মিত ছাত্র এবং সংগঠনের সাথে সক্রিয়ভাবে জড়িত তাদেরকে হাসিখুশি দেখা গেছে। নেতৃত্ব থেকে অছাত্ররা বাদ পড়ে গেলে নেতৃত্ব তাদের হাতে চলে আসবে বলে তারা ধারণা করছে।

সাধারণ ছাত্র-ছাত্রীরা উক্ত ঘোষণাকে ছাত্র দলের অভ্যন্তরীণ সংঘাত এড়ানোতে সহায়তা করেছে বলে ধারণা করেছে। তারা এটিকে ইতিবাচক হিসাবে মন্তব্য করেছে বলে সূত্র জানায়। সেই সাথে সকল সশস্ত্র সন্ত্রাসী ও অছাত্রকে বহিষ্কার করে দিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ সরকার যদি গ্রহণ করেন তাহলে বিশ্ববিদ্যালয়ে শান্তি ফিরে আসতে পারে বলে অনেকেই মন্তব্য করেছে।